

DRSO
কৃষি সমৃদ্ধি
DD (Monitoring)
১৭/১০/১৯



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫২.৯৯.০১১.১৯.১২৮২


তারিখ : ১৩ অক্টোবর ২০১৯

বিষয় : কৃষকের নিকট হতে ধান ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ৩০ জুলাই, ২০১৯ তারিখ মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সম্মেলন কক্ষে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

- (১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে ধান কাটার অন্তত ১ মাস আগে ৩ শ্রেণিতে (প্রান্তিক, মাঝারি ও বৃহৎ) কৃষকদের তালিকাভুক্তকরণ, কৃষক পরিচিতি কার্ড বিতরণ;
- (২) কৃষক পরিচিতি কার্ড প্রাপ্ত কৃষকের তালিকা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা ও জেলা পর্যায়ের দপ্তরে বিতরণের ব্যবস্থা গ্রহণ;
- (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে মিলগেইটে বা হাট বাজারে ধান সংগ্রহ করে মিলিং এর জন্য সরাসরি চালকলে ধান প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (৪) ধান ক্রয়ের পূর্বে এলাকায় এ বিষয়ে ব্যাপক প্রচারণা চালানো। ধান ক্রয়ের সময় শতকরা ২০ ভাগ ধান বৃহৎ চাষী, ৩০ ভাগ ধান মাঝারি চাষী এবং ৫০ ভাগ ধান প্রান্তিক চাষীর নিকট থেকে ক্রয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ;
- (৫) ধানের আর্দ্রতা পরিমাপক যন্ত্রের প্রাপ্যতা ইউনিয়ন পর্যায়ে নিশ্চিতকরণ;
- (৬) স্বল্প সুদে ব্যাংক হতে কৃষি ঋণ প্রদান এবং ধান বিক্রয়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ হতে কৃষকের ব্যাংক ঋণ কর্তন না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। এছাড়াও বর্গাচাষীদের ঋণ সুবিধার আওতায় অন্তর্ভুক্তকরণ;
- (৭) ধানের ন্যায্য মূল্য নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষি উপকরণের ওপর ভর্তুকি অব্যাহত রাখা এবং কৃষি যান্ত্রিকীকরণের ওপর গুরুত্বারোপ।

এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(পুশিয়া আস্তর)

সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৬৩০৯

ই-মেইল-sasexten1@moa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং, খামারবাড়ি, ঢাকা-১২১৫
(www.dae.gov.bd)

স্মারক নং-১২.১০.০০০০.০০৪.৯৯.১১৬.১৮/

১৭২৩(৬২)

তারিখ: ১০/১০/১৯ খ্রি:


১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... অঞ্চল (সকল)।

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... জেলা (সকল)।

সূত্র: কৃষি মন্ত্রণালয় সম্প্রসারণ-১ অধিশাখা হতে প্রাপ্ত।

বিষয়: কৃষকের নিকট হতে ধান ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

পত্রের মর্মানুযায়ী আপনার অধিনস্থ উপজেলা কৃষি অফিস ও মাঠ পর্যায়ে প্রেরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


পরিচালক
ফোন: ৯১৩৪৫৮৭